গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০৬৫.২৫.৪৬৬(৭৭)

তারিখ: ০৮ বৈশাখ'১৪৩২ / ২১ এপ্রিল'২০২৫

বিষয়: **কারাগারে আটক বন্দিদের লেখা নিয়ে মাসিকভিত্তিতে দেয়াল পত্রিকা প্রকাশ প্রসঙ্গে** ।

আপনার অধীনস্থ কারাগারসমূহে আটক বন্দিদের লেখা কবিতা, ছড়া, গান, ছোটগল্প, কৌতুক ইত্যাদি নিয়ে মাসিকভিত্তিতে দেয়াল পত্রিকা প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। বন্দিদের লেখাগুলো কারা উপ মহাপরিদর্শকগণ যাচাই-বাছাই করে নির্বাচিত সেরা লেখাগুলোর জন্য সংশ্লিষ্ট বন্দিদের নিম্নরূপ পুরস্কার প্রদানের ব্যবস্থা করবেন।

| নং | মান | পুরস্কারের পরিমান | পুরস্কারের প্রদানের খাত |
|---|---|---|---|
| ০১ | ১ম পুরস্কার | ১,৫০০/- | কোড নং ৩২১১১০১-পুরস্কার /বন্দি কল্যাণ |
| ০২ | ২য় পুরস্কার | ১,০০০/- | |
| ০৩ | ৩য় পুরস্কার | ৫০০/- | |

২। এছাড়াও নির্বাচিত সেরা লেখক বন্দিদের নির্ধারিত সাক্ষাৎ ও ফোন কলের অতিরিক্ত একবার সাক্ষাৎ ও একবার ফোন কল পুরস্কার হিসেবে প্রদান করা যাবে।

৩। বিভাগীয় দপ্তর পুরস্কারপ্রাপ্ত বন্দিদের লেখাগুলো কারা অধিদপ্তরে প্রেরণ করবেন। বিভাগীয়ভাবে পুরস্কার প্রাপ্তদের মধ্য হতে বাছাই করে ত্রৈমাসিক ভিত্তিতে কারা অধিদপ্তর হতে পুরস্কার হিসেবে কারা মহাপরিদর্শক মহোদয় কর্তৃক বিশেষ রেয়াত প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। শর্ত থাকে যে, কোন লেখার বিষয়বস্তু নির্বাচনের ক্ষেত্রে রাজনৈতিক, ধর্মীয় ও সাম্প্রদায়িক বিষয়াবলী পরিহার করতে হবে।

২১/৪/২৫

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক।
☎- ৫৭৩০০২২২ (দপ্তর)।

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল বিভাগীয় দপ্তর।

অনুলিপি(অবগতি ও কার্যার্থে):

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

Circular 24